চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১৩ জুলাই'২০২১খ্রি.

কোরবানীর বর্জ্য ব্যবস্থাপনাগত আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল বৈঠকে মেয়র চসিকের প্রস্তুতি, নজরদারী ও সতর্কতার ক্ষেত্রে কোন ঘাটতি নেই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী কভিড-১৯ সংক্রমণ ও মৃত্যুর হার বৃদ্ধি জনিত পরিস্থিতিতে নগরীতে আসন্ন ঈদুল আযহা নির্বিঘ্নে উদযাপন ও পালনের ক্ষেত্রে জনস্বাস্থ্য নিরাপত্তা বিষয়টিকে গুরুত্ব দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সতর্কতা মূলক পদক্ষেপ গ্রহণ ও ব্যবস্থাপনা প্রস্তুতি সমূহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম এমপি মহোদয়কে আজ মঙ্গলবার অবহিত করেন। টাইগারপাসস্থ চসিকের অস্থায়ী ভবনে মেয়রের অফিস কক্ষ থেকে জুম ক্লাউড মিটিং অ্যাপের মাধ্যমে ঈদুল আযহা উপলক্ষে বিভিন্ন ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত দ্বিতীয় আন্তঃ মন্ত্রণালয় বৈঠকে মেয়র এতদ্‌সংক্রান্ত চসিক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তুতি অবহিত করেন। তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্থিতি নিয়ন্ত্রনে প্রস্তুতি, নজরদারীর ক্ষেত্রে কোন ঘাটতি নেই।

তিনি জানান, চট্টগ্রাম নগরীতে তিনটি স্থায়ী পশুর বাজারের পাশাপাশি চসিক আরো তিনটি কোরবানীর পশু বিক্রির হাট ইজারা দিয়েছে। এই ছয়টি হাটে জেলা প্রশাসনের নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যাতে লঙ্ঘিত না হয় সে-জন্য প্রয়োজনীয় নজরদারী নিশ্চিত করা হয়েছে। তবে একজন ক্রেতার সাথে আরো একজন নিয়ে বাজারে গিয়ে কোরবানীর পশু কেনার সরকারি নির্দশনা আরোপ করা হয়েছে, তা বাস্তব সম্মত নয়। করণ একজনের পক্ষে বাজার থেকে কেনা পশু নিজ গন্তব্যে নেয়া অসম্ভব। তাই বাস্তবতা অনুযায়ী বাজার থেকে পশু কিনতে দুইজনকে সাথে থাকার বিধান যুক্তিসঙ্গত হবে। তিনি আরো বলেন, পশুর বাজার লোক সমাগম নিয়ন্ত্রিত মাত্রায় রাখা, হ্যান্ড স্যানিটাইজার দিয়ে শরীর জীবানু মুক্ত করণ, মাস্ক পরিধান নিশ্চিত করনে চসিকের সার্বক্ষনিক তদারকি ও পর্যবেক্ষণ চলমান থাকবে। এছাড়া নগরীতে নির্ধারিত ছয়টি বাজারের বাইরে অন্য কোন বাজার বসতে দেয় হবে না।

মেয়র আরো বলেন, কোরবানীর পশুর বর্জ্য অপসারণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা ব্যবস্থাপনায় চট্টগ্রাম নগরীকে ৪টি জোনে ভাগ করে স্থানীয় কাউন্সিলর ও চসিকের পরিচ্ছন্ন, প্রকৌশল ও বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা হয়েছে। ঈদের দিন কোরবানীর পশু জবাইয়ের পরবর্তী ১২ ঘন্টা বা রাত ১০টার মধ্যে সব ধরণের বর্জ্য অপসারণ করে নির্ধারিত দু'টি ট্রেন্সিং গ্রাউন্ডে ডাম্পিং করা হবে। বর্জ্য পরিবহনের জন্য চসিকের বিভিন্ন ধরনের ২০০টি যানবাহন প্রস্তুত রাখা হয়েছে। প্রয়োজনে ভাড়ায় বাড়তি পরিবহন যুক্ত করা হবে। পরিষ্কার-পরিচ্ছন্নতা ও বর্জ্য অপসারণে নিয়োজিত জনবলের অতিরিক্ত বেতন-ভাতা, পরিবহন ও খাওয়া বাবদ অতিরিক্ত বরাদ্দও রাখা হয়েছে। এছাড়া ২টি ট্রেন্সিং গ্রাউন্ডে কোরবানীর পশু বর্জ্য ধারণের স্থান সমান ও যান চলাচলের পথগুলো পরিবহন উপযোগী করে তোলা হয়েছে।

তিনি আরো বলেন, প্রশাসন কর্তৃক নির্ধারিত স্থান ছাড়া যেখানে-সেখানে পশু জবাই করা যাবে না। কোরবানীর পরপরই বর্জ্য নির্ধারিত ডাস্টবিনে ফেলতে হবে এবং কোরবানীর জায়গাটিকে সাথে সাথেই ধুয়ে মুছে ফেলতে হবে।
মেয়র উল্লেখ করেন যে, গত বছর কোরবানীর পশু চামড়ার বেচা-কেনায় মন্দা থাকায় যেখানে-সেখানে চমড়া পড়ে থাকতে দেখা গেছে এবং পরিবেশও অস্বাস্থ্যকর হয়ে উঠেছে। করোনাকালে এই পরিস্থিতি পুন:বৃত্তির আশংকা দূর করার জন্য ট্যানারিজ কর্তৃপক্ষ যদি চান কোরবানীর পশুর চামড়া সংগ্রহের জন্য নগরীতে কয়েকটি স্থানে চসিক স্পট নির্ধারিত করে দেবে। সেখানে তারা ঝামেলা এড়িয়ে সহজে যাতে চমড়া সংগ্রহ করতে পরে চসিক সেই ব্যবস্থা নিশ্চিত করবে।

প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
করোনা কালে একে অন্যের প্রতি সহায়তার হাত বাড়াতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনা অতিমারীর কারনে নিম্ন আয়ের মানুষ নিদারুণ কষ্টে আছে। এই কষ্ট লাঘবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে নগদ অর্থ অসহায় পরিবারগুলোর মাঝে পৌঁছে দিয়ে জানান দিতে চাই সরকার জনবান্ধব। সাধারণ জনগণের দুঃখ-কষ্ট লাঘবে সরকার সব সময় পাশে আছে। তিনি বলেন, যে-কোন ভাবে সমন্বিত উদ্যোগে সচেতনতা সৃষ্টি করে আমাদেরকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা অব্যাহত রাখতে হবে এবং ধৈর্য্য ও সাহসের সাথে একে অপরের প্রতি সহানুভূতিশীল থেকে এ পরিস্থিতি মোকাবেলা করতে হবে। মেয়র গতকাল মঙ্গলবার নগরীর উত্তর পাঠানটুলী ওয়ার্ডে দীন মোহাম্মদ কনভেনশন হলে করোনায় কর্মচ্যুত অসহায় পরিবারের মাঝে প্রধানমন্ত্রী প্রদত্ত নগদ অর্থ বিতরণকালে একথা বলেন।
ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ জাবেদ এর সভাপতিত্বে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক চন্দন ধর, হাজী দোস্ত মোহাম্মদ, ইদ্রিস কাজেমী, মো. ইব্রাহিম, হাজী আহমেদুর রহমান।
মেয়র আরো বলেন, করোনা ছোবলে পর্যুদস্ত বাংলাদেশ প্রাথমিক ধাক্কা কাটিয়ে ঘুরে দাঁড়ালেও দ্বিতীয় ধাক্কা আরও বিপর্যয় ডেকে আনছে। এতে আতঙ্কের কিছু নেই, সাহস না হারিয়ে আবার ঘুরে দাঁড়াবার শক্তি সঞ্চয় করতে পারলেই আমরা অবশ্যই বিজয়ী হবো। পরে তিনি তিনশত পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা প্রদান করেন।

চকবাজার ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার সমাগ্রি বিতরণকালে মেয়র
বিপন্ন মানবতার পাশে দাঁড়াতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সম্প্রতিকালে অতিমারির মতো কঠিন সময়গুলোতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাউকে যাতে অভূক্ত থাকতে না হয় সে-জন্য যে মানবিক প্রয়াস চালিয়ে যাচ্ছেন তা আজ সারা বিশ্বে প্রশংসিত। বর্তমান কঠিন দুঃসময়ের তুলনায় সাহায্যের পরিমান অপ্রতুল হলেও এই কার্যক্রম আন্তরিকতার বহি:প্রকাশ। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর এবং সংগঠনের সকল স্তরের নেতারা নগরীর বিপন্ন আত্মমানবাতার পাশে নিজের সামর্থ্য অনুযায়ী কাজ করছে বলে জানান। মেয়র গতকাল সোমবার নগরীর চকবাজার ওয়ার্ডে কর্মচ্যুত অদিবাসী পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া উপহার ও ত্রাণ বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

চকবাজার ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আমিনুল হক রঞ্জুর সভাপতিত্বে ত্রাণ বিরতণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখনে-প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন। অন্যান্যের মধ্যে ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোজাহেরুল ইসলাম, এডভোকেট নোমান চৌধুরী, হাজী সেলিম, মোহাম্মদ জসিম উদ্দিন, তারেক সুলতান, মুজিবুর রহমান বাবুল প্রমুখ।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত অবৈধভাবে খাইন বসিয়ে কোরবানীর পশু বিক্রির দায়ে ৪১ হাজার টাকা জরিমানা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর বহদ্দারহাট সংলগ্ন এশিয়ান হাইওয়ের পার্শ্বে দ্ইুটি খাইনে অবৈধভাবে কোরবানীর পশু বিক্রির বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। এই সময় অবৈধভাবে খাইন বানিয়ে পশু বিক্রির দায়ে দুইটি খাইন মালিককে ৪১ হাজার টাকা জরিমানা করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে পার্শ্ববর্তী নির্ধারিত কোরবানীর হাটে পশুগুলি নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। অভিযানে ম্যাজিস্টেট পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করে। করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে ও নগরবাসীকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার লক্ষে চসিকের ভ্রাম্যমান আদালত অব্যাহত থাকবে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্য বৃন্দ।

চসিক যান্ত্রিক শাখার সাথে সভায় মেয়র
আয়বর্দ্ধক প্রকল্প পুনরুজ্জীবিত করা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী যে-সকল আয়বর্দ্ধক প্রকল্প আর্থিক সক্ষমতার ভিত্তি হিসেবে দাঁড়িয়ে যাবার পরও ব্যবস্থাপনা ত্রুটির কারণে বন্ধ বা অচল হয়ে আছে সেগুলো পুনরুজ্জীবিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অঙ্গীকার ব্যক্ত করে বলেন, এই প্রকল্পগুলো কি কারণে কেন বন্ধ হলো তা অনুসন্ধান করে পুনরায় চালু করে চসিকের সক্ষমতা ফিরিয়ে আনা হবে। তিনি আজ মঙ্গলবার বিকেলে চসিকের টাইগারপাসস্থ অস্থায়ী ভবনের সম্মেলন কক্ষে প্রকৌশল বিভাগের যান্ত্রিক শাখার সাথে অনুষ্ঠিত এক সভায় সভাপতির বক্তব্যে একথা বলেন।
তিনি আরো বলেন, এক সময় চট্টগ্রামে প্রথম ও সবচেয়ে বড় সিএনজি ফিলিং স্টেশনটি প্রতিষ্ঠা করেছিলো চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং এটাই ছিল আয় ও আর্থিক সক্ষমতা বৃদ্ধির প্রধান উৎস। প্রয়োজনীয় জনবল ও যন্ত্রপাতি থাকা সত্তে¡ও শুধুমাত্র গ্যাস প্রবাহের চাপ হ্রাসের অজুহাত দেখিয়ে নামকাওয়াস্তে চালু রাখাটা বিস্ময়কর! এর পুরনো ঐতিহ্য ফিরে আনার পদক্ষেপ নেয়া হয়নি কেন? এই দায় যাদের তারাও চুপ-চাপ ছিলো। তাই এখন এ বিষয়ে ভাবতে হবে এবং সঠিক সিদ্ধান্ত নেবার সময় এখনই। গ্যাসের চাপ যদি না থাকে চাপ বৃদ্ধির উপায় নিশ্চিত করে আয়বর্দ্ধক সিএনজি ফিলিং স্টেশনটি পুনরজ্জীবিত করতে হবে।
তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, চসিকের ৩টি এ্যাস্ফল্ট প্ল্যান্ট আছে। এখানে বিটুমিন মিক্সড করার ব্যবস্থা ও জনবল আছে এবং উতপ্ত মিক্সড বিটুমিন পরিবহনের আলাদা গাড়িও আছে। অথচ এই তিনটি প্ল্যান্টকে অকার্যকর অবস্থায় রেখে বাইরে থেকে বিটুমিন মিক্সড করা হয় এবং মিক্সড বিটুমিন পরিবহনে ভাড়া গাড়ি ব্যবহার করা হয়। দীর্ঘ দিন ধরে এ্যাস্ফল্ট প্ল্যান্ট অকার্যকর থাকার কারণ কি-তা খতিয়ে দেখে দ্রুত এগুলো কার্যকর করতে

হবে। এই দায় যান্ত্রিক বিভাগের। এখন থেকে কোন ঠিকাদার যদি এ্যাস্ফল্ট প্ল্যান্ট ব্যবহার না করেন এবং বাইরে থেকে ভাড়ার মাধ্যমে কাজ করেন তাহলে তাদের বিল পরিশোধ করা হবে না। এছাড়া ইস্টার্ণ রিফাইনারী থেকে উতপ্ত বিটুমিন পরিবহনের জন্য আলাদা বিশেয়ায়িত পরবহন রয়েছে তা ব্যবহার না করে ভাড়া করা পরিবহন ব্যবহার করে অর্থ অপচয় করে তা কোন ভাবে মেনে নেয়া হবে না।
মেয়র জানতে চান, বর্জ্য থেকে গারভেজ ও জৈব সার উৎপাদনের প্রকল্প বন্ধ হলো কেন? এই প্রকল্প আয়বর্দ্ধক হওয়া সত্ত্বেও পুনরায় চালু করা যাচ্ছে না কেন? এর কারণগুলো খুঁজে বের করে আবার এই প্রকল্প চালু করতে হবে। প্লাস্টিকও পলিথিন বর্জ্য রিসাইক্লিং করে রূপান্তরিত নিত্য ব্যবহার্য পণ্য উৎপাদনেরও উদ্যোগ বাস্তবায়ন হবে। তিনি আরো বলেন, চসিকের ৬শতটির বেশি পরিবহণের অনেকগুলো অচল হয়ে পড়ে আছে। এগুলো মেরামতের নামে অর্থ-অপচয় হচ্ছে। তাই যে-গুলো অকেজো সেগুলোকে নিলামে তুলে বিক্রি করে নতুন পরিবহণ কিনতে হবে। তিনি যান্ত্রিক বিভাগকে সচল ও অধিকতর কার্যকর করার উপর গুরুত্বারোপ করে বলেন, যান্ত্রিক শাখাকে সচল করার জন্য ঢেলে সাজাতে হবে।
সভায় বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, যান্ত্রিক স্থায়ী কমিটির সভাপতি ওয়ার্ড কাউন্সিলর আবদুল বারেক, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুদীপ বসাক, নির্বাহী প্রকৌশলী জয়সেন বড়ুয়া, মির্জা ফজলুল কাদের প্রমুখ।

খোরশেদুল আমীনের মৃত্যুতে
চসিক মেয়রের শোক

চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহসভাপতি, সাবেক মন্ত্রী ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ডাঃ আফছারুল আমিন এমপি'র ছোট ভাই সমাজ সেবক মো. খোরশেদুল আমীনের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় মেয়র বলেন, মরহুম খোরশেদুল আমীনের সামাজিক ও মানবিক কাজের বিভিন্ন দিক চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩